ইত্তেফাক

তারিখ ... 5/3/78 ...
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 1 ...
281

দৈনিক ইত্তেফাক
রবিবার, ২১শে ফাল্গুন, ১৩৮৪

পরলোকে আবুল কালাম শামসুদ্দিন

উপমহাদেশের সাংবাদিকতার ইতিহাসের আর একটি উজ্জ্বল জ্যোতিষ্ক খসিয়া পড়িল। দীর্ঘ প্রায় চার যুগ ধরিয়া যিনি সাংবাদিকতার আকাশে উজ্জ্বল জ্যোতিষ্কের মত দেদীপ্যমান ছিলেন, গতকাল মধ্যাহ্নে পি-জি হাসপাতালে তিনি শেষনিঃশ্বাস ত্যাগ করিয়াছেন। অত্যন্ত বেদনা ভারাক্রান্ত হৃদয়ে আমরা পরলোকগত জনাব আবুল কালাম শামসুদ্দিনের স্মৃতির প্রতি ঐকান্তিক শ্রদ্ধা নিবেদন করিতেছি।

জনাব আবুল কালাম শামসুদ্দিন চলতি শতাব্দীর দ্বিতীয় দশকে সাংবাদিকতার অঙ্গনে প্রবেশ করেন এবং 'মোহাম্মদী', 'দি মুসলমান' প্রভৃতি কাগজে বিভিন্ন দায়িত্ব পালন করা ছাড়াও 'দৈনিক আজাদ' এবং 'দৈনিক পাকিস্তানের' সম্পাদক হিসাবে দীর্ঘ দিন দেশ-সমাজ ও সাংবাদিকতার সেবা করেন। ব্যক্তি জীবনে জনাব আবুল কালাম শামসুদ্দিন ছিলেন অমায়িক, মিষ্টভাষী, উদারনৈতিক ও কোমলচিত্তের অধিকারী। কিন্তু আদর্শের প্রতি ছিল তাঁর অবিচল নিষ্ঠা এবং দমননীতির প্রতিরোধে তিনি ছিলেন আপোষহীন যোদ্ধা। অন্যায়ের প্রতিরোধে কোমলচিত্তের অধিকারী জনাব শামসুদ্দিন কি রকম বজ্রকঠিন হইয়া উঠিতেন তাহার প্রমাণ ১৯৫২ সালের ভাষা আন্দোলন ও ১৯৬৯ সালের গণ-অভ্যুত্থানকালীন তাঁর ভূমিকা। ১৯৫২ সালে রাষ্ট্রভাষা আন্দোলনকারীদের উপর যখন নির্বিচার গুলীবর্ষণ করা হয় জনাব আবুল কালাম শামসুদ্দিন তখন পরিষদ সদস্য। গুলীবর্ষণের সংবাদ তাঁর কানে পৌঁছা মাত্র তিনি পরিষদ সদস্যপদ পরিত্যাগ করিয়া সোজা মেডিক্যাল কলেজ প্রাঙ্গণে উপস্থিত হন এবং শোকসভায় সভাপতিত্ব করেন। জনাব আবুল কালাম শামসুদ্দিনের এই চারিত্রিক বলিষ্ঠতার আবার প্রকাশ ঘটে ১৯৬৯ সালের গণঅভ্যুত্থানকালে। গণ-অভ্যুত্থানের সময় আয়ুবের দমননীতির প্রতিবাদে জনাব শামসুদ্দিন 'সেতারা-ই-কায়দে আজম' খেতাব বর্জন করেন। বলাবাহুল্য উহা ছিল তাঁর স্বজাতি-প্রেমেরই বহিঃপ্রকাশ।

জনাব শামসুদ্দিন চীন, ইরান, মিসর ও ইন্দোনেশিয়াসহ বিশ্বের বিভিন্ন দেশ সফর করেন। নেতাজী সুভাষচন্দ্র বসু, ডাঃ বিধান রায়, জে, এন, সেনগুপ্ত প্রমুখ ছাড়াও প্রেসিডেন্ট শুয়েকার্ণোর সঙ্গে তাঁর ব্যক্তিগত পরিচয় ছিল। তিনি ছিলেন বহুদর্শী ও বর্ণাঢ্য জীবনের অধিকারী। তাঁর লেখা আত্ম-চরিত শুধু জীবনী গ্রন্থ নয়, সমকালীন ইতিহাসও বটে। তাঁর মৃত্যুতে দেশ আরও একজন মহান সন্তান হারাইল এবং সাংবাদিকতার অঙ্গন হইল অধিক শূন্য। আমরা তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা করিয়া শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জানাইতেছি।